## উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটির ডিসেম্বর/২০২৪ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন
প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
স্থান ঃ নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষ
তারিখ সময় ঃ ০৯/১২/২০২৪ খ্রিঃ, সময় ঃ দুপুর-১২.০০ টা

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনোরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিত করা হয়। অতঃপর নিম্নোক্ত বিষয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **বীর মুক্তিযোদ্ধার প্রকৃত তালিকা সংরক্ষণ ঃ** সভায় বীর মুক্তিযোদ্ধাদের প্রকৃত তালিকা সংরক্ষণে উপজেলা পরিষদকে পরামর্শ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। বীর মুক্তিযোদ্ধাদের তালিকা অনুসারে বৃদ্ধ, দুস্থ ও পঙ্গু মুক্তিযোদ্ধাদের জন্য সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | এই বিষয়ে উপজেলা পরিষদকে সুপারিশ করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার-কে অনুরোধ জানান। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ০২ | **বীর মুক্তিযোদ্ধা ও উত্তরাধিকারগণ ঃ** সভাপতি জানান যে, বীর মুক্তিযোদ্ধাদের ও তাদের পরিবারের উত্তরাধিকারগণের, বিশেষ করে দরিদ্র ও অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া বীর মুক্তিযোদ্ধাদের, আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলা পরিষদসহ অন্যান্য সংগঠনগুলোকে পরামর্শ প্রদান করতে হবে। এ বিষয়ে উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের সাথে সমন্বয় সাধন করার জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানান। | এই বিষয়ে উপজেলা পরিষদকে সুপারিশ করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার-কে অনুরোধ জানান। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৩ | **বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতি সংরক্ষণ ঃ** বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতি সংরক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা পরিষদকে সুপারিশ প্রদান করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া, বিভিন্ন জাতীয় দিবসে বীর মুক্তিযোদ্ধাদের সম্মান প্রদর্শণের জন্য বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের ব্যাপারে উপজেলা পরিষদকে অবহিত করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ জানান। | এই বিষয়ে উপজেলা পরিষদকে সুপারিশ করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার-কে অনুরোধ জানান। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৪ | **বিবিধ ঃ** বীর মুক্তিযোদ্ধাদের তালিকায় বাদ পড়া বীর মুক্তিযোদ্ধাদের নামের তালিকা মূল তালিকায় অন্তর্ভূক্তির জন্য উপজেলা পরিষদের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ জানান। | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য |

অতপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৯/১২/২৪

মোঃ জাকির হোসেন
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং ঃ- ৪১.০১.৭৭৭৩.০০২.১৬.০০১.২৫- ২৬০ (৬)

তারিখঃ ২৪ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
০৯ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। জেলা প্রশাসক, পঞ্চগড়।

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ

০১। উপজেলা ........................................................কর্মকর্তা, পঞ্চগড় সদর।
০২। চেয়ারম্যান ............................................ইউনিয়ন পরিষদ, পঞ্চগড় সদর।
০৩। জনাব......................................................................................
সদস্য, উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

০৯/১২/২৪

লায়লা আরিজুমান
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা সমাজকল্যাণ বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

# উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটির সভার উপস্থিতি

তারিখ-

(পরিশিষ্ট-ক)

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ঃ

| ক্রমিক | নাম ও পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০২ | উপজেলা সমাজসেবা অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৩ | চেয়ারম্যান, অমরখানা ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৪ | চেয়ারম্যান, ধাক্কামারা ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৫ | চেয়ারম্যান, সাতমেরা ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৬ | বীর মুক্তিযোদ্ধা মোঃ নুরুল ইসলাম, কায়েতপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৭ | বীর মুক্তিযোদ্ধা মোঃ ইসমাইল হোসেন, চাকলাহাট, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |

# উপজেলা পরিষদ

পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১- ২০৬

তারিখঃ ২৩ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

## "সভার নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটির** পরবর্তী সাধারণ সভা নিম্নবর্ণিত আলোচসূচি অনুযায়ী আগামী ০৯/১২/২০২৪ তারিখ রোজ সোমবার দুপুর- ১২.০০ টায় **জনাব মোঃ জাকির হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ**, পঞ্চগড় সদর, পঞ্চগড়-এর সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুম-এ অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচিঃ

০১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
০২। গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
০৩। গত সভায় আলোচিত কমিটি সংক্রান্ত কোন তথ্য বা সিদ্ধান্ত।
০৪। বিবিধ।

**(লায়লা আরজুমান)**
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা সমাজকল্যাণ বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

বিতরণ ঃ

..............................................................
..............................................................
(সদস্য সকল) পঞ্চগড় সদর, পঞ্চগড়।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
০২। অফিস নথি।